



নির্দেশনা

এপিএসসিএল-এর ২০১৯-২০২০ অর্থবছরের জন্য বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) অনুমোদিত হয়েছে। নিম্ন বর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক উক্ত বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার নির্দেশ প্রদান করা হল।

- ১। যে কোন ধরনের পণ্য / কার্য / সেবা ক্রয়ের ক্ষেত্রে তা APP Package Code সহ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP)-তে অন্তর্ভুক্ত থাকা আবশ্যিক। অনুমোদিত APP-তে অন্তর্ভুক্ত থাকলে এপিএসসিএল-এর আর্থিক ক্ষমতা অর্পণ বিধি অনুযায়ী তা ক্রয়ের উদ্যোগ নিতে পারবেন। তবে সরাসরি ক্রয়ের ক্ষেত্রে (সরকারী প্রতিষ্ঠান / কমিটির ক্রয় ব্যতীত) Head of Procuring Entity (HOPE)-এর অনুমোদনক্রমে ক্রয়কার্য শুরু করতে হবে।
- ২। জরুরী বা বিশেষ প্রয়োজনে অনুমোদিত APP বহির্ভূত ক্রয় কার্য গ্রহণ করার প্রয়োজন হলে HOPE (ব্যবস্থাপনা পরিচালক) হতে পরবর্তী সংশোধিত APP-তে অন্তর্ভুক্তকরণের অনুমোদন নিতে হবে ও নতুন APP Package Code গ্রহণ করতে হবে।
- ৩। ই-জিপি'র ক্ষেত্রে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) পূর্ণাঙ্গভাবে ই-জিপি (e-GP) সিস্টেমের এপিপি মডিউলে প্রকাশ করতে হবে।
- ৪। বিভিন্ন ক্রয়ের জন্য অনুমোদিত APP-তে উল্লিখিত মূল্য একটি প্রাথমিক প্রাক্কলন মাত্র। APP তুচ্ছ যে কোন ক্রয় প্রক্রিয়া শুরুর পূর্বে সংশ্লিষ্ট বিভাগ-কে অন্য Procuring Entity হতে একজন বহিঃসদস্য অন্তর্ভুক্তিক্রমে “দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate)” প্রস্তুত করতে হবে এবং তা এপিএসসিএল-এর আর্থিক ক্ষমতা বিধি অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে।
- ৫। APP-তে অন্তর্ভুক্ত ক্রয় পরিকল্পনাসমূহ বাস্তবায়নে সবাইকে সর্বদা সচেতন থাকতে হবে।

সংযুক্তি: ২০১৯-২০২০ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP)।

(এ.এম.এম সাঈদুর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক,

এপিএসসিএল।